# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৪(৯০৩)/ 1502 তারিখ : ২৩/০৫/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর ওশেনোগ্রাফি বিভাগের জন্য **সহযোগী অধ্যাপকের ০১(এক)টি স্থায়ী** পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল ও গ্রেড : ৫০,০০০-৭১২০০/- (গ্রেড-৪)

যোগ্যতা ও অভিজ্ঞতা: যোগ্যতা ও অভিজ্ঞতার কপি এবং অভিজ্ঞতা ও প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক বিশ্ববিদ্যালয়ের ডেসপ্যাচ থেকে সরাসরি সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও ডাউনলোড করা যাবে।

**আবেদনের সাথে যা যা দাখিল করতে হবে।**

(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর ফটোকপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৪ কপি (গ) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্যের MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের ফটোকপি (চ) পূর্বতন অভিজ্ঞতা উল্লেখকারীদের ক্ষেত্রে অভিজ্ঞতার স্বপক্ষে প্রমানপত্র (ছ) সকল প্রকাশনার কপি (জ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য ছক (ঞ) প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক।

আবেদন জমাদান সম্পর্কিত প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ :

০১। আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০২। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর **সহযোগী অধ্যাপক** পদের জন্য ৭০০/- (সাতশত) টাকার MICR ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার এর মূল কপি (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

০৩। প্রতিটি সেটের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ **১১** (এগার) সেট দরখাস্তের হার্ড কপি (তম্মধ্যে নূন্যতম ২সেট ইংরেজীতে) আগামী ৯ জুলাই ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে।

০৪। আবেদন ফরমের সকল কলাম অবশ্যই পূরণ করতে হবে এবং কোন কলাম সংশ্লিষ্ট না হলে প্রযোজ্য নয় কথাটি লিখতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে।

০৫। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৬। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট বিভাগ ও পদের নাম উল্লেখ করতে হবে।

০৭। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৮। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।

০৯। ভূল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১১। আবেদনের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এবং ছবি ১ম শ্রেণীর গেজেট কর্মকর্তা অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৭ম গ্রেডভূক্ত কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।

১২। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহেরও সফ্ট কপি জমা দিতে হবে। তবে Scopus/ISI indexing ছাড়া অন্যসব জার্নালে প্রকাশিত প্রকাশনাসমূহের সফট্কপি TURNITIN সফ্টওয়ার দ্বারা যাচাই করে রিপোর্টসহ জমা দিতে হবে। সফ্টকপি addregt2@sust.edu ই-মেইলে পাঠাতে হবে।

২৩/৫/২৩

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

## সিন্ডিকেটের ১২ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২২১তম Online সভার সংশ্লিষ্ট কার্যবিবরণী :

### সহযোগী অধ্যাপক পদে নিয়োগ/ আপগ্রেডেশন সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীদের সর্বমোট ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ১১(এগার) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা***[৪] অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*[৪]) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে সহকারী অধ্যাপক থাকাকালীন ২ (দুই) টি প্রকাশনা*[৫] থাকতে হবে। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। তবে উক্ত  ২(দুই) টি প্রকাশনা পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে এম.ফিল বা ন্যূনতম ৩ (তিন) সেমিস্টার ব্যপ্ত মাস্টার্স ডিগ্রী বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রী বা সমমান ডিগ্রীসহ ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩(তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা***[৪] অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*[৪]) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ*[৫] প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপটার একটি প্রকাশনার সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন তবে উক্ত ২(দুই) টি প্রবন্ধ পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রীসহ ৭ (সাত) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা***[৪] অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*[৪]) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ*[৫] প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক/ বুক চ্যাপটার হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপটার একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

**অথবা**

যে সকল প্রার্থী পাবলিক বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী  নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করেছেন তাঁদের ৫ (পাঁচ) বছরের **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা***[৪] অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*[৪]) (নূন্যতম যোগ্যতা অর্জনের ক্ষেত্রে পিএইচ.ডি ডিগ্রী বা অন্য কোন ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে ৬ (ছয়) বছরের) স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ*[৫] প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপ্টার একটি গবেষণা প্রবন্ধের সমতুল বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

**অথবা**

অথবা

যে সকল প্রার্থী পাবলিক বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে যোগদান করেছেন তাঁদের ৬ (ছয়) বছরের (ন্যূনতম যোগ্যতা অর্জনের ক্ষেত্রে পিএইচ.ডি ডিগ্রী বা অন্য কোন ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে ৭ (সাত) বছরের) স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*[৪]** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*[৪]) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*[৪] থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ*[৫] প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপ্টার একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

*[৪] অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে তবে তা সর্বোচ্চ ৪ (চার) বছর গণ্য হবে এবং স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় বিশ্ববিদ্যালয়/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে, **তবে তা সর্বোচ্চ ২ (দুই) বছর গণ্য হবে। খন্ডকালীন চাকুরীর অভিজ্ঞতা গ্রহনযোগ্য হবে না।** সক্রিয় চাকুরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা কে বুঝাবে।

*[৫] প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।

*[৬] প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

*[৭] বুক চ্যাপটার বলতে স্বীকৃত গবেষণা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপটার বুঝাবে।

২৩/৩/২৬

রেজিস্ট্রার
শাবিপ্রবি